কালের কণ্ঠ

তারিখ : 30 DEC 2015
পৃষ্ঠা : ৩ কলাম : ৬

# ১৬২৬৩ নম্বরে ডায়াল করলেই মিলবে অ্যাম্বুল্যান্স

## নতুন বছর থেকে 'স্বাস্থ্যসেবা সপ্তাহ'

নিজস্ব প্রতিবেদক ▷

সারা দেশের সরকারি ও বেসরকারি অ্যাম্বুল্যান্স সুবিধা গ্রহণের জন্য ১৬২৬৩ নম্বরে ফোন করে যেকোনো ব্যক্তি সহজে যাতে অ্যাম্বুল্যান্স সেবা পেতে পারে সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ব্যক্তিদের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল সচিবালয়ে জনগণের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ-সংক্রান্ত স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বাস্থ্যমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠেয় এ সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষে আগামী বছর থেকে প্রতিবছর সারা দেশে সপ্তাহব্যাপী 'স্বাস্থ্যসেবা সপ্তাহ' পালনের সিদ্ধান্ত হয়। দেশের সব সরকারি ও বেসরকারি হাসপাতালে এই সেবা প্রদান করা হবে। এ ছাড়া দেশের ৩১টি সরকারি মেডিক্যাল কলেজে বিশেষজ্ঞ শিক্ষকের সংকট দূর করতে অবসরগ্রহণকারী অভিজ্ঞ শিক্ষকদের চুক্তিভিত্তিক বা সম্মানী প্রদান ভিত্তিতে ঢাকার বাইরে বিভিন্ন কলেজে শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়ার উদ্যোগ নেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়।

সভায় ইন্টার্নি চিকিৎসকদের প্রশিক্ষণকাল দুই বছর নির্ধারণ করা, কমিউনিটি ক্লিনিক বা উপজেলা থেকে বিশেষায়িত হাসপাতালে চিকিৎসা নেওয়ার জন্য রেফারেল পদ্ধতির প্রবর্তন, অ্যানেসথেটিস্ট সংকট দূর করতে প্রয়োজনীয় পদক্ষেপকে সভায় গুরুত্ব দেওয়া হয়।

সভায় আরো উপস্থিত ছিলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্যসচিব সৈয়দ মনজুরুল ইসলাম, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মো. নুরুল হক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডা. কামরুল আহসান খান, বিএমএর সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসান, মহাসচিব অধ্যাপক ডা. ইকবাল আর্সলান, বিএমডিসির চেয়ারম্যান, বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজের অধ্যক্ষসহ মন্ত্রণালয় ও অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

এর আগে মন্ত্রী মানসিক স্বাস্থ্য আইন প্রণয়ন বিষয়ে এক বৈঠকে সভাপতিত্বকালে দ্রুত আইনের খসড়া প্রণয়ন করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিদের নির্দেশ দেন। তিনি এ সময় মানসিক রোগীদের যথাযথভাবে চিহ্নিতকরণ, চিকিৎসা ও পুনর্বাসন প্রক্রিয়া নিশ্চিত করতে গুরুত্ব প্রদান করে আইনের খসড়া প্রস্তুত করতে কমিটিকে নির্দেশ দেন।